**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়,**
**বকশীগঞ্জ, জামালপুর**
**www.fisheries.bokshiganj.jamalpur.gov.bd**

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

**১. ভিশন ও মিশন**

ভিশন: মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, দারিদ্র বিমোচন ও রপ্তানি আয় বৃদ্ধি।

মিশন: মৎস্য ও চিংড়িসহ অন্যান্য জলজ সম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং অভীষ্ঠ জনগোষ্ঠীর অংশগ্রহণে উন্মুক্ত জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে এক্ষেত্র হতে প্রাপ্ত সুফলের মাধ্যমে দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষী তথা বাংলাদেশের আর্থ সামাজিক ক্ষেত্রে কাংক্ষিত উন্নয়ন সাধন।

## ২. প্রতিশ্রুত সেবাসমূহ

২.১) নাগরিক সেবা

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবমূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | উন্নত পদ্ধতিতে মাছ ও চিংড়ি চাষ এবং অন্যান্য জলজ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক লাগসই প্রযুক্তি সম্পর্কীত পরামর্শ প্রদান | • ব্যক্তি যোগাযোগ,<br>• মোবাইল ও<br>• ইন্টারনেট। | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | নেই | তাৎক্ষণিক | **মোঃ আশরাফুল ইসলাম রিয়েল**<br>**পদবি: উপজেলা মৎস্য কর্মকর্তা**<br>**ফোন:+৮৮-০৯৮২২৫৬১৮৯**<br>**মোবাইল:০১৭৫৪৪২৬৬১৪**<br>**ইমেইল:**<br>**ufobakshiganj@fisheries.gov.bd** |
| ২ | মৎস্যচাষ বিষয়ক পুস্তক, পুস্তিকা,খামার পরিচালনার জন্য প্রশিক্ষণ সামগ্রী, ম্যানুয়েল, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি বিতরণ; | • ব্যক্তি যোগাযোগ,<br>• মোবাইল ও<br>• ইন্টারনেট। | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | নেই | তাৎক্ষণিক | |
| ৩ | মৎস্যখাদ্য আইন' ২০১০ ও মৎস্যখাদ্য বিধিমালা' ২০১১বাস্তবায়ন | • ব্যক্তি যোগাযোগ,<br>• মোবাইল ও<br>• ইন্টারনেট। | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | বিধি মোতাবেক | ১মাস | |
| ৪ | মৎস্য হ্যাচারি আইন' ২০১০ ও মৎস্য হ্যাচারি বিধিমালা' ২০১১বাস্তবায়ন | • ব্যক্তি যোগাযোগ,<br>• মোবাইল<br>• ইন্টারনেট।। | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | বিধি মোতাবেক | ১মাস | |

## ২.২) দাপ্তরিক সেবা

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবমূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | বিভিন্ন দপ্তরে মৎস্য বিষয়ক তথ্যাদি বিনিময় | • পত্র ও<br>• ইন্টারনেট | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | নেই | নির্ধারিত সময় | **মোঃ আশরাফুল ইসলাম রিয়েল**<br>**পদবি: উপজেলা মৎস্য কর্মকর্তা**<br>**ফোন:+৮৮-০৯৮২২৫৬১৮৯**<br>**মোবাইল:০১৭৫৪৪২৬৬১৪**<br>**ইমেইল:**<br>**ufobakshiganj@fisheries.gov.bd** |
| ২ | পুরস্কার প্রদানে মনোনয়ন দান ও কমিটির সভায় যোগদান | • পত্র ও<br>• ইন্টারনেট | | নেই | নির্ধারিত সময় | |
| ৩ | মোবাইল কোর্ট বাস্তবায়ন | • পত্র ও<br>• ইন্টারনেট | | নেই | নির্ধারিত সময় | |
| ৪ | প্রশিক্ষন | • ব্যক্তি যোগাযোগ,<br>• মোবাইল<br>• ইন্টারনেট | আবেদন পত্র | নেই | নির্ধারিত সময় | |
| ৫ | ঋণ প্রাপ্তিতে সহায়তা | • ব্যক্তি যোগাযোগ,<br>• মোবাইল | আবেদন পত্র | নেই | ঋণ প্রদানকারী সংস্থার বিধি মোতাবেক | |

## ২.৩) অভ্যন্তরীণ সেবা

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবমূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন | • নীতিমালা বিতরণ<br>• অনুষ্ঠানসূচী প্রেরণ<br>• বিভিন্ন কমিটি গঠন,<br>• সম্প্রসারণ সামগ্রী বিতরণ | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | নেই | সরকার কর্তৃক ঘোষিত নির্ধারিত সময়সীমার মধ্যে | **মোঃ আশরাফুল ইসলাম রিয়েল**<br>**পদবি: উপজেলা মৎস্য কর্মকর্তা**<br>**ফোন:+৮৮-০৯৮২২৫৬১৮৯**<br>**মোবাইল:০১৭৫৪৪২৬৬১৪**<br>**ইমেইল:**<br>**ufobakshiganj@fisheries.gov.bd** |
| ২. | উপজেলার বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন বিভিন্ন প্রজাতির গুণগত মানসম্পন্ন পোনা ও ব্রুড মাছ উৎপাদন ও সরবরাহ। | • ব্যক্তি যোগাযোগ,<br>• মোবাইল<br>• ইন্টারনেট।। | মৎস্য অধিদপ্তর/ উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | নেই | জুলাই হতে জুন | |
| ৩. | ছুটির প্রস্তাব, ক্ষেত্র বিশেষে অনুমোদন, জিপিএফ, বরাদ্দ প্রদান ইত্যাদি। | • আবেদন সাপেক্ষে | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর/ ইন্টারনেট | নেই | বিধি মোতাবেক | |

## ২.৪) আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবা

দপ্তরের কার্যাবলী

- ❖ উপজেলা বিদ্যমান জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে কারিগরি পরামর্শ প্রদান করা।
- ❖ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে মৎস্য বিষয়ক প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদান করা।
- ❖ উপজেলা মৎস্য বিষয়ক সার্বিক তথ্যাদি সংগ্রহ , সংরক্ষণ ও সরবরাহ করা।
- ❖ মৎস্য খাদ্য আইন' ২০১০ ও মৎস্য খাদ্য বিধিমালা' ২০১১ এর আওতায় মৎস্যখাদ্য উৎপাদনকারী/ আমদানী কারক/ বিপণনকারী প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্স প্রদান ও নবায়ন, পরিদর্শন এবং মৎস্যখাদ্য নমুনা সংগ্রহ ও তা পরীক্ষাসহ আইন অমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা।
- ❖ মৎস্য হ্যাচারী আইন' ২০১০ ও মৎস্য হ্যাচারী বিধিমালা' ২০১১ এর মৎস্য হ্যাচারী সমূহের নিবন্ধন প্রদান ও নবায়ন নিশ্চিত করা করা এবং আইন প্রতিপালনে ব্যর্থ প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- ❖ মাছ ও চিংড়িতে ফরমালিনসহ নিষিদ্ধ ঘোষিত অপদ্রব্য ব্যবহাররোধ এবং নিরাপদ মৎস্যখাদ্য সরবরাহে সহযোগিতা প্রদান।
- ❖ অধিক উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে সরকারী মৎস্যবীজ উৎপাদন খামারের কর্মপরিকল্পনা প্রণয়ন সহ বিভিন্ন প্রজাতির গুণগত মানসম্পন্ন পোনা ও ব্রুড মাছ উৎপাদন ও সরবরাহ।
- ❖ মৎস্য উৎপাদন বৃদ্ধিতে ব্যাপক গণসচেতনা সৃষ্টির লক্ষ্যে জাতীয় মৎস্য সপ্তাহ পালন, মৎস্য পুরস্কার প্রদান, অন্যান্য বিভাগের পুরস্কার প্রদান ও মনোনয়নে সহায়তা প্রদান এবং বিভিন্ন মেলা ও দিবসে অংশগ্রহণ।
- ❖ উপজেলা পর্যায়ে বাস্তবায়িত মৎস্য বিষয়ক সকল কর্মকাণ্ড তদারকি, পর্যালোচনা ও এতদবিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।
- ❖ মৎস্য মাননিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করার লক্ষ্যে মাছ ও চিংড়ি চাষে অননুমোদিত দ্রব্যের ব্যবহার বন্ধে চাষিদের উদ্বুদ্ধকরণ এবং সংক্রমণের উৎস সনাক্তকরণ, জিএপি, হ্যাসাপ, মাছ ও চিংড়ির আরেণোত্তর পরিচর্যা, মৎস্য বাজারজাত করণ স্থাপনার হাইজিন-সেনিটেশন নিশ্চিতকরণ ও এনআরসিপি কার্যক্রম বাস্তবায়নে তদারকি করা।
- ❖ জেলা মৎস্য বিষয়ক ও প্রাতিষ্ঠানিক সমস্যা চিহ্নিত করা এবং সমাধানকল্পে ব্যবস্থা গ্রহণ করা।
- ❖ অধিদপ্তরীয় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প দলিলে বর্ণিত দায়িত্ব পালন করা।
- ❖ প্রাকৃতিক দুর্যোগকালীন সময় সার্বক্ষনিক মনিটরিং রুম খুলে মাঠ পর্যায় থেকে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করা ও তা একিভূত করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করা।

## ৩) আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্রমিক | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১ | স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ২ | মৎস্যচাষের পরামর্শ প্রদানকালে পুকুরের আয়তন, গভীরতা ইত্যাদি সম্পর্কে সঠিক তথ্য প্রদান |
| ৩ | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |
| ৪ | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |

## ৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্রমিক | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | জেলা মৎস্য কর্মকর্তা | জেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর **dfojamalpur@fisheries.gov.bd** | এক মাস |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর | উপপরিচালক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ **ddmymensingh@fisheries.gov.bd** | এক মাস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র ৫ নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ওয়েব: www.grs.gov.bd | তিন মাস |